গাংনীতে পলিথিন ব্যবহারে সতর্কমূলক জরিমানা

মেহেরপুরের গাংনীতে পাটজাত মোড়ক ব্যবহার না করে পলিথিন প্যাক ব্যবহারের অপরাধে দুই ব্যবসায়ীকে ভ্রাম্যমাণ আদালতে জরিমানা করা হয়েছে।

মঙ্গলবার (২৩ সেপ্টেম্বর) দুপুরে গাংনী বাজারে অভিযান চালিয়ে এ জরিমানা আদায় করা হয়। অভিযানে নেতৃত্ব দেন গাংনী উপজেলা সহকারী কমিশনার (ভূমি) নাবিদ হোসেন।

জরিমানাপ্রাপ্তরা হলেন, গাংনী চাউলপট্টি বাজারের ব্যবসায়ী মনিরুল ইসলাম এবং থানা রোডের চাউল ব্যবসায়ী কায়েম উদ্দিন।

অভিযান সূত্রে জানা গেছে, পাটজাত মোড়কের ব্যবহার নিশ্চিত করতে গাংনী বাজারের চাউলপট্টি ও থানা রোড এলাকার একাধিক ব্যবসায়িক প্রতিষ্ঠানে তদারকি ও অভিযান পরিচালনা করা হয়। এসময় পাটজাত মোড়কের ব্যবহার না থাকায় দুই ব্যবসায়ীর বিরুদ্ধে ম্যান্ডেটরি জুট প্যাকেজিং অ্যাক্ট-২০১০ এর ৪ ও ১৪ ধারায় দুই হাজার টাকা করে মোট চার হাজার টাকা জরিমানা আরোপ ও আদায় করা হয়।

অভিযানে গাংনী থানা পুলিশের একটি টিম সহযোগিতা করে। জনস্বার্থে এ অভিযান অব্যাহত থাকবে বলেও জানান প্রশাসনের ওই কর্মকর্তা।

ঝিনাইদহে স্কুল শিক্ষার্থীদের পরিচ্ছন্নতা ও পলিথিন নিষিদ্ধের অভিযান

জুলাইয়ের চেতনাতে জাগ্রত করে তুলতে ঝিনাইদহে পরিষ্কার পরিচ্ছন্নতা ও পলিথিন নিষিদ্ধ অভিযান শুরু করেছে শিক্ষার্থীরা।